গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিসি শাখা

অভ্যন্তরীণ নৌপথে বিআইডব্লিউটিসি'র ৪০ বছর বয়সোর্ধ্ব পুরাতন ফেরি/জলযানসমূহ চলাচলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | খালিদ মাহ্‌মুদ চৌধুরী. এম.পি<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২২-১২-২০২১ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট -'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন সচিব জানান যে, বিধি অনুযায়ী ৪০ বছর বয়সোর্ধ্ব ফেরি/জলযান চলাচলের সুযোগ নেই। তবে পুরাতন ফেরি/জলযানগুলি সঠিকভাবে নিয়মিত সার্ভে ও ফিটনেস গ্রহণ করা হলে চলাচলে অনুমতি দেয়া যেতে পারে। এক্ষেত্রে সংশ্লিষ্ট আইন/বিধান সংশোধনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। তিনি বিআইডব্লিউটিসি'র পুরাতন ও মজবুত ফেরিগুলি ডকিং করে সার্ভে ও ফিটনেস সার্টিফিকেট গ্রহণপূর্বক চলাচলের অনুমতি দেয়ার বিষয়টি বিবেচনা করা প্রয়োজন বলে উল্লেখ করেন। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বিশ্বের বিভিন্ন দেশের উদ্ধৃতি দিয়ে বলেন বিশ্বের অনেক উন্নত দেশেও ৬০-৭০ বছরের বেশি বয়সোর্ধ্ব জলযান ফিটনেস সার্টিফিকেট নিয়ে চলাচল করছে। বিআইডব্লিউটিসি'র ফেরিসমূহ যেহেতু জনস্বার্থে বাণিজ্যিকভাবে চলাচল করে সেহেতু জনগণের দুর্ভোগ লাঘবের কথা বিবেচনায় রেখে অপেক্ষাকৃত মজবুত ফেরিসমূহ ডকিং/বিশেষ মেরামত সাপেক্ষে পরিচালনা করা যেতে পারে।

০২। বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান জনাব আহমদ শামীম আল-রাজি সভায় জানান যে, সংস্থায় বর্তমানে ৪০ (চল্লিশ) বছর বয়স উত্তীর্ণ মোট ৩৮টি ফেরি/নৌযান রয়েছে। বিআইডব্লিউটিসি'র পুরাতন জলযানের তালিকায় দেখা যায় অনেকগুলির বয়স ৮০-৯০ বছরেরও বেশি। তার মধ্যে ডাম্ব ফেরি টাপলো, রায়পুরা, রানীক্ষেত ও রামশ্রী'র বয়স ৯৬ বছর এবং ডাম্ব ফেরি যমুনা, রানীগঞ্জ এর বয়স ৮৩ বছর। যাত্রীবাহী জাহাজ পিএস অস্ট্রিচ এর বয়স ৯২ বছর, পিএস মাহসুদ এর বয়স ৯৮ বছর, পিএস লেপচা'র বয়স ৮৩ বছর এবং পিএস টার্ণ এর বয়স ৭১ বছর। জলযানগুলো ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স-১৯৭৬ অনুযায়ী চলাচলের অযোগ্য। তবে নৌ-বিধি অনুসারে ৪০ বছরের বেশি বয়সের জলযানগুলোকে বাণিজ্যিকভাবে ট্রাফিকে নিয়োজিত রাখার বিষয়ে বিআইডব্লিউটিসি'র ৪১৩তম নিয়মিত পর্ষদ সভায় বিধি মোতাবেক ডকিং কার্য সম্পন্ন করে সঠিকভাবে চলাচলের উপযোগী করার সিদ্ধান্ত গ্রহণপূর্বক মন্ত্রণালয়ের নির্দেশনার জন্য উপস্থাপন করা হয়। পুরাতন নৌযানগুলোর মধ্যে ডাম্ব ফেরি, রো-রো ফেরি এবং কে-টাইপ ফেরিসহ ৪০ বছরের উর্ধ্বে মোট ২০টি ফেরি ট্রাফিকে চলাচল করছে মর্মে সভাকে অবহিত করা হয়।

০৩। সভাকে আরো জানানো হয় যে, পুরাতন ২২টি জাহাজ অকেজো অবস্থায় নারায়ণগঞ্জে পড়ে আছে, এগুলো বিক্রয়ের পদক্ষেপ গ্রহণ করা হবে। বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান উল্লেখ করেন যে, জনদুর্ভোগের বিষয়টি বিবেচনায় রেখে বিআইডব্লিউটিসি'র ৪০ বছর বয়সের উর্ধ্বের অপেক্ষাকৃত মজবুত ফেরিগুলি নতুন ফেরি সংযোজন না হওয়া পর্যন্ত চলাচলের অনুমতি প্রদানের বিষয়টি বিবেচনায় রাখা প্রয়োজন। বিআইডব্লিউটিসি'র বর্তমানে চলাচলরত ২০টি ফেরি একসাথে ট্রাফিক হতে প্রত্যাহার করা হলে বিভিন্ন ফেরিঘাটে যাত্রী ও যানবাহন পারাপারে ব্যাপক যানজট সৃষ্টিসহ

জনসাধারণের দুর্ভোগ বহুগুণ বেড়ে যাবে। এ প্রেক্ষিতে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় পুরাতন ও চলাচল উপযোগী ফেরি/জলযানসমূহ নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি'র সমন্বয়ে একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক চলাচল উপযোগী নৌযানসমূহের বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন। এ প্রেক্ষিতে সভাপতি ফেরি সার্ভিসের কারণে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড যাতে ব্যাহত না হয় সে বিষয়টি বিবেচনা রাখতে হবে বলেও সভায় উল্লেখ করেন। ফেরি/জলযানসমূহ যথাযথ ও সঠিকভাবে মেরামত/ডকিং করে ফিটনেস সনদ নিয়ে চলাচলের অনুমতির বিষয়টি বিবেচনা করা সমীচীন মর্মে সভায় ঐকমত্য হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি'র সমন্বয়ে একটি কমিটি গঠনপূর্বক অপেক্ষাকৃত মজবুত ফেরি/জলযানসমূহের অভ্যন্তরীণ নৌপথে চলাচলের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন প্রদান করবে। অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী ৪০ বছর বয়সোর্ধ্ব সকল ফেরি/জাহাজসমূহ স্পেশাল ডকিং শেষে কমিটির সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে চলাচলের অনুমতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(খ) ৪০ বছরের বেশী বয়সী ফেরীগুলো পর্যায়ক্রমে নতুন ফেরী দ্বারা প্রয়োজন অনুযায়ী প্রতিস্থাপন করার লক্ষ্যে বিআইডব্লিউটিসি একটি পরিকল্পনা মন্ত্রণলয়ে দাখিল করবে;

(গ) সংস্থার ৪টি প্যাডেল স্টীমার বিক্রির তালিকা হতে প্রত্যাহার করে দেশীয় ঐতিহ্য হিসেবে সংরক্ষণ করা যেতে পারে

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খালিদ মাহ্‌মুদ চৌধুরী. এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০২০.২৬.০০৩.২১.১৪৭

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা-১/সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩) চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলামোটর, ঢাকা।
৪) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৫) যুগ্মসচিব (টিসি/উন্নয়ন/পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ নজরুল ইসলাম

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি)-এর ৪০ বছর বয়সোর্ধ্ব অধিক পুরাতন ফেরি ও জলযানসমূহ চলাচলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়-এর সভাপতিত্বে ২২ ডিসেম্বর, ২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল/টেলিফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | সুলতান আব্দুল হামিদ<br>অতিরিক্ত সচিব (উ:) | ০১৭১৫০৫১৫০৪ | [signature] ২২.১২.২০২১ |
| ০২. | [illegible] কুমার [illegible]<br>অতিরিক্ত সচিব | ০১৭১২৮৬৮২২৬ | [signature] |
| ০৩. | কমোডর গোলাম সাদেক<br>চেয়ারম্যান, BIWTA | 01968390000 | [signature] 22/12/21 |
| ০৪. | আহমদ শামীম আল রাজী<br>চেয়ারম্যান, BIWTC | 01712911607 | [signature] 22.12.21 |
| ০৫. | রফিক আহম্মদ সিদ্দিক<br>যুগ্মসচিব, নৌপম | 01714161329 | [signature] 22.12.2021 |
| ০৬. | প্রদীপ কুমার মহোত্তম<br>যুগ্মসচিব, নৌপম | 01715401885 | [signature] |
| ০৭. | মো: মনজুরুল কবীর<br>প্রধান প্রকৌশলী ও জাহাজ জরিপকারক, নৌপরিবহন অধিদপ্তর | 01715793285 | [signature] 22/12/21 |
| ০৮. | খোন্দকার মাহমুদুর রহমান [illegible]<br>চীফ প্লানিং ম্যানেজার<br>BIWTC | 01718771586 | [signature] 22.12.21 |
| ০৯. | ক্যাপ্টেন [illegible] রহমান<br>GM- BIWTC | 01818156381 | [signature] 22.12.21 |
| ১০. | প্রকৌ: মো: [illegible] সরকার<br>প্রধান প্রকৌশলী, BIWTC, 01711105327 | | [signature] 22.12.21 |
| ১১. | ডঃ মো: [illegible]<br>পরিচালক (বা:) | 01711868069 | [signature] 22/12/21 |
| ১২. | | | |